গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০৮৬.২১.৮৩৮ তারিখ: ৭ এপ্রিল ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি বিভিন্ন অপরাধে ৪০টি প্রতিষ্ঠানকে ২.০০ লক্ষ টাকা জরিমানা

৬ এপ্রিল ২০২১ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভাগীয় ও জেলা কার্যালয়ের২০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ময়মনসিংহ, নারায়ণগঞ্জ, ঝিনাইদহ, বরিশাল, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর ও রাজশাহী-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়েরউপপরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী, ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালকজনাব রোজিনা সুলতানা, জনাব মোঃ মাগফুর রহমান ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক গুলশান-২, শেওড়াপাড়া, রামপুরা, মিরপুর-১০ এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'সাফাবি ফার্মেসী, 'আল-নূর ফার্মেসী, 'ফার্মেসী-২৪ জাহিদ প্লাজা' কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রির অপরাধে 'ইকবাল ফার্মেসী, 'জামান ড্রাগ হাউজ' কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'বড় মিয়া এন্টারপ্রাইজ', 'আবু তাহের স্টোর' কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত৬ এপ্রিল ২০২১ তারিখে মোট **৫২,০০০/- (বাহান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **১৫টি** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমেঅস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য কলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৩৩টি** প্রতিষ্ঠানকে **১,৪৮,৫০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ৬ এপ্রিল ২০২১ তারিখে সর্ব মোট**২০টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনার মাধ্যমে **৪০টি** প্রতিষ্ঠানকে মোট **২,০০,৫০০/- (দুই লক্ষ পাঁচশত)** টাকা জরিমানা আরোপ করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমেসহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।